গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র দপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কারওয়ান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

২৮ অগ্রহায়ণ ১৪১৮।
নং-বস্ত্র/এমআই/বিএসসিইঞ্জিঃকোঃ/ভর্তি /৬৬৮/২০১০/৮৫০ তারিখ ঃ ----------------------
১২ ডিসেম্বর ২০১১।

# প্রথম বর্ষ বি.এস.সি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি
## শিক্ষাবর্ষ ২০১১-১২

বস্ত্র ও পাট মন্ত্রনালয়ের অধীন বস্ত্র দপ্তর পরিচালিত নিম্ন-লিখিত ৪টি সরকারী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবলিক-প্রাইভেট পার্টনারশীপে বি.টি.এম.এ কর্তৃক পরিচালিত জাতীয় বস্ত্র প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউট ও বেসরকারী শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ৪ বছর মেয়াদী ১ম বর্ষ বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং(স্পেশালাইজেশন ইন ইয়ার্ন ম্যানুফ্যাকচ্যারিং/ফেব্রিক্স ম্যানুফ্যাকচারিং/ওয়েট প্রসেসিং/গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং/ ফ্যাশন এন্ড ডিজাইন) কোর্সে নিম্নলিখিত আসনে ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। **আবেদন শুধুমাত্র টেলিটক মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে গ্রহন করা হবে।**

**১. ভর্তির জন্য নির্ধারিত কলেজ ও আসন সংখ্যা ঃ**

(ক) সরকারী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ সমূহ ঃ

| ক্রঃনং | কলেজের নাম ও ঠিকানা | কলেজ কোড | পরীক্ষা কেন্দ্র কোড | আসন সংখ্যা | অধিভূক্ত বিশ্ববিদ্যালয়ের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম।<br>email: tex_collegectg@yahoo.com<br>Phone : 01199555695 , মোবাইল -01199555695 | 1 | Z | ৭০ টি | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| ২. | পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, পাবনা।<br>www.pabtec.gov.bd, email: ptec_2006@yahoo.com<br>Phone: 0731-66103, মোবাইল -01558393783 | 2 | P | ৮০ টি | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| ৩. | বেগমগঞ্জ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।<br>Phone: 0321-52267, মোবাইল -01712639207 | 3 | N | ৬০ টি | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় |
| ৪. | শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সি এন্ড বি রোড, বরিশাল।<br>www.arstecb.com, email: arstec_barisal@yahoo.com<br>Phone: 0431-63659, মোবাইল -01939781091 | 4 | B | ৮০ টি | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| | সর্বমোট- | | | ২৯০ টি | |

(খ) পাবলিক-প্রাইভেট পার্টনারশীপে পরিচালিত ইনষ্টিটিউটঃ বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বি.টি.এম.এ) কর্তৃক পরিচালিত)।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | জাতীয় বস্ত্র প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউট<br>(জাতীয় বস্ত্র নক্সা প্রণয়ন প্রশিক্ষণ ও গবেষণা ইনস্টিটিউট)<br>(নিট্রেড), নয়ারহাট, সাভার, ঢাকা।<br>www.nittrad.edu.bd, email: ank.nittrad@gmail.com<br>Phone: 01912545964 | 5 | D | ৮০ টি | ঢাকা বিশ্ববিদ্যালয় |

(গ) বেসরকারী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শ্যামলী, ঢাকা। Phone: 01711529418 | 6 | D | ৪০ টি | ঢাকা বিশ্ববিদ্যালয় |

**২. ভর্তি পরীক্ষায় অংশগ্র হণের যোগ্যতা ঃ**

(ক) প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহনে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ড থেকে ২০০৮ ও ২০০৯ সালে অনুষ্ঠিত এসএসসি বিজ্ঞান / সমমান পরীায় অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় এবং ২০১০ ও ২০১১ সালে অনুষ্ঠিত এইচএসসি বিজ্ঞান কিংবা উহার সমমানের পরীড়্গায় পাশ করতে হবে।

(গ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে যে কোন একটিতে নূন্যতম গ্রেড পয়েন্ট ৩.৫০ সহ উভয় পরীড়্গায় প্রাপ্ত জিপিএ এর যোগফল কমপড়্গে ৭.৫০ থাকলে আবেদন করতে পারবে। তবে তাদের এইচএসসি পরীড়্গায় গণিত,পদার্থ , রসায়ন বিষয়ে মোট গ্রেড পয়েন্ট ১০.৫০ এবং প্রত্যেক বিষয়ে নুন্যতম গ্রেড পয়েন্ট ৩.৫ পেতে হবে।

(ঘ) GCE ‘O’ লেভেল এবং ‘A’ লেভেল পাস প্রার্থীদের ক্ষেত্রে GCE ‘O’ পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে গড়ে ‘B’ এবং GCE ‘A’ লেভেল পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিতে গড়ে ‘B’ গ্রেড পেয়ে পাস করতে হবে। কোন বিষয়ে D গ্রেড গ্রহনযোগ্য হবে না। বস্ত্র দপ্তরের উপ-পরিচালক (এমআই) এর নিকট ১০০০ (এক হাজার) টাকা নগদ প্রদান পূর্বক সমমানের রশিদ গ্রহন করে আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

**৩. মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া ঃ**

(ক) শুধু টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে আবেদন গ্রহন করা হবে। ভর্তি কার্যক্রম, ব্যবস্থাপনা, পরীক্ষা অনুষ্ঠান, ফলাফল প্রণয়ন ইত্যাদি ব্যয় বাবদ সর্বমোট আবেদন ফি ৬৭০ (ছয় শত সত্তর) টাকা কেটে নেয়ার জন্য মোবাইলে পর্যাপ্ত টাকা থাকতে হবে।

(খ) ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে 16222 নম্বরে SMS করতে হবে।

(গ) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে Message অপশনে গিয়ে DOT লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাসের সাল লিখে, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC পাসের সাল লিখে, স্পেস দিয়ে পছন্দক্রম অনুযায়ী কলেজ সমূহের নামের কোড লিখে, স্পেস দিয়ে পরীক্ষা কেন্দ্রের কোড নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ DOT DHA xxxxxx 2011 DHA xxxxxx 2009 423156 B উদাহরণটি ঢাকা বোর্ডের এবং প্রথম পছন্দ শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল ও পরীড়্গা কেন্দ্র বরিশাল-এর জন্য। এখানে xxxxxx এর জায়গার এইচএসসি ও এসএসসি পরীড়্গার রোল নম্বর লিখতে হবে।

* মোবাইল ফোনের Message অপশনে অন্যান্য যে সকল শব্দ সংক্ষেপে ব্যবহার করা হবে তা নিম্নরূপ সিলেট শিক্ষাবোর্ড SYL, বরিশাল শিক্ষাবোর্ড BAR, চট্টগ্রাম শিক্ষাবোর্ড CHI, কুমিলস্না শিক্ষাবোর্ড COM, ঢাকা শিক্ষাবোর্ড DHA, দিনাজপুর শিক্ষাবোর্ড DIN, যশোর শিক্ষাবোর্ড JES, মাদ্রাসা শিক্ষাবোর্ড MAD, রাজশাহী শিক্ষাবোর্ড RAJ এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড TEC, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় BOU লিখতে হবে।

(ঘ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তির ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে DOT লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ DOT YES 654321 01xxxxxxxxx। এখানে 654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN টি বসাতে হবে। উলেস্নখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

(ঙ) আবেদনকারীর মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে একটি SMS এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। ভর্তি পরীক্ষার সময় দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবির পিছনে ঐ রোল নম্বরটি লিখে নিয়ে আসতে হবে।

**৪. কোটায় ছাত্র/ছাত্রী ভর্তি সম্পর্কিত ঃ**

কোটায় ছাত্র/ছাত্রী আবেদন করতে উপরের নিয়ম অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবেঃ মুক্তিযোদ্ধা সন্তান কোটা FFQ, উপজাতি পোষ্য কোটা TRI।

উদাহরণ ঃ DOT DHA xxxxxx 2011 DHA xxxxxx 2009 423156 B FFQ। উদাহরণটি ঢাকা বোর্ডের এবং প্রথম পছন্দ শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল মুক্তিযোদ্ধা সন্তান কোটা FFQ এর জন্য। এখানে xxxxxx এর জায়গার এইচএসসি ও এসএসসি পরীক্ষার রোল নম্বর লিখতে হবে।

**৫. ভর্তি পরীক্ষা ও ফলাফল ঃ**

(ক) **লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর ঃ**
১। গণিত-৩০, ২। পদার্থ-৩০, ৩। রসায়ন- ৩০, ৪। ইংরেজী-১০। মোট- ১০০।
উপরোক্ত বিষয়ে ২০১০ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড সমূহ পরিচালিত উচ্চ মাধ্যমিক বিজ্ঞান সিলেবাস অনুযায়ী MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**(খ) প্রার্থী নির্বাচন ঃ** ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে এসএসসি এর প্রাপ্ত জিপি এর (চতুর্থ বিষয় বাদে) ৮ গুন ও এইচএসসি এর প্রাপ্ত জিপি এর (চতুর্থ বিষয় বাদে) ১২ গুন যোগ করে এবং কলেজের পছন্দেরক্রম অনুযায়ী মেধা তালিকা নির্ধারণ করা হবে।

**৬.ভর্তি সংশিস্নষ্ট তারিখ ও সময়সূচী ঃ**

| ভর্তি সংক্রান্ত কার্যক্রম | তারিখ |
|---|---|
| (ক) ভর্তির জন্য আবেদনের সময়সূচী | ১৯/১১/২০১১ হতে ২২/১২/২০১১ |
| (খ) ভর্তি পরীক্ষার স্থান(কেন্দ্র) | B = শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সি এন্ড বি রোড, বরিশাল।<br>D = ঢাকা বিশ্ববিদ্যালয় কার্জন হল।<br>N = বেগমগঞ্জ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।<br>P = পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, পাবনা।<br>Z = টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম। |
| (গ) তারিখ ও সময় | তারিখ ঃ ৩০/১২/২০১১ শুক্রবার, সময়ঃ সকাল- ১০টা-১১:৩০ টা। |
| (ঘ) ভর্তির জন্য নির্ধারিত প্রার্থীদের মেধা এবং অপেক্ষমান তালিকা প্রকাশ | ০৩/০১/২০১২ |
| (ঙ) মেধা তালিকা হতে ভর্তির তারিখ | ০৪/০১/২০১২ হতে ১০/০১/২০১২ । |
| (চ) অপেক্ষমান তালিকা থেকে ভর্তির জন্য যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ (আসন শুন্য থাকা সাপেক্ষে) | ১২/০১/২০১২। |
| (ছ) অপেক্ষমান তালিকা হতে ভর্তি | ১৬/০১/২০১২ হতে ১৯/০১/২০১২ পর্যন্ত। |
| (জ) ওরিয়েন্টেশন ক্লাস | পরবর্তীতে স্ব স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে জানানো হবে। |

**৭. গুরম্নত্বপূর্ণ তথ্যাবলী ঃ**

(ক) ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর HSC/A level পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ডসহ রেজিস্ট্রেশন কার্ডের দুইকপি সত্যায়িত ফটোকপি সংগে আনতে হবে। রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপির প্রতিটিতে প্রার্থীর এককপি করে সদ্য তোলা রঙ্গীণ ছবি সত্যয়িত করে স্ট্যাপল করতে হবে। এটাই প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে , তাই এগুলি ছাড়া কাউকে পরীক্ষা দিতে দেয়া হবে না ।

(খ) পরবর্তা যোগাযোগের জন্য আবেদনকারীকে ভর্তি পরীক্ষার রোল নম্বর সংরক্ষণ করতে হবে।

(গ) পরীক্ষার হলে মোবাইল ফোন ও Programmable Calculator আনা নিষিদ্ধ।

(ঘ) ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পরিচালক বস্ত্র দপ্তরের কার্যালয়ে, সংশিস্নষ্ট কলেজের অধ্যক্ষের কার্যালয়ে, ও বস্ত্র দপ্তরের ওয়েব সাইটে/ সংশিস্নষ্ট কলেজের ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঙ) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উপজাতীয় ১টি ও মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ২টি আসন সংরক্ষিত থাকবে।

(চ) ভর্তি প্রক্রিয়ায় যে কোন পর্যায়ে এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোন ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য নূন্যতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি এবং /অথবা ভর্তি-পরীক্ষা এবং/অথবা কলেজের মনোনয়ন বাতিল করা হবে।

(ছ) ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও পুনঃ সযোজনের অধিকার কেন্দায় ভর্তি কমিটি  সংরক্ষণ করে এবং ভর্তি পরীক্ষার বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

**বিঃ দ্রঃ** *** ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন সমস্যার জন্য ০১৫৫৫৫৫৫১২৯, ০১৯৩৯৭৮১০৯১ নম্বরে যোগাযোগ করা যাবে।**
*** ভর্তির রেজিষ্ট্রেশনে সমস্যা দেখা দিলে টেলিটকের ০১৫৫০১৫৬২০৪, ০১৫৫০১৫৫১৫১ নম্বরে  যোগাযোগ করা যেতে পারে।**

স্বাক্ষরিত
পরিচালক, বস্ত্র দপ্তর
ও আহবায়ক
কেন্দ্রীয় ভর্তি কমিটি

এক নজরে সংশোধিত ভর্তির তথ্যাবলী

| ক্রঃ নং | ভর্তি সংক্রান্ত তথ্যাদি | পূর্বের তথ্য | সংশোধিত তথ্য |
|---|---|---|---|
| ১ | ভর্তির জন্য আবেদনের সময় | ১৯/১১/২০১১-১৫/১২/২০১১ পর্যন্ত | ২২/১২/২০১১ পর্যন্ত |
| ২ | ভর্তি পরিক্ষার তারিখ ও সময় | ২৩/১২/২০১১শুক্রবার<br>সকাল ১০টা হতে ১১.৩০টা | ৩০/১২/২০১১শুক্রবার<br>সকাল ১০টা হতে ১১.৩০টা |
| ৩ | ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের মেধা এবং অপেক্ষমান তালিকা প্রকাশ | ২৭/১২/২০১১ | ০৩/০১/২০১২ |
| ৪ | মেধা তালিকা হতে ভর্তির তারিখ | ২৮/১২/২০১১-০২/০১/২০১২ | ০৪/০১/২০১২-১০/০১/২০১২পর্যন্ত |
| ৫ | অপেক্ষামান তালিকা থেকে ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ (আসন শুন্য থাকা সাপেক্ষে) | ০৭/০১/২০১২ | ১২/০১/২০১২ |
| ৬ | অপেক্ষামান তালিকা হতে ভর্তি | ০৮/০১/২০১২-১২/০১/২০১২ | ১৬/০১/২০১২-১৯/০১/২০১২ |
| ৭ | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ | ৮.০০ (চতুর্থ বিষয় বাদে) | ৭.৫০ |
| ৮ | এইচএসসি পরীক্ষা রসায়ন, পদার্থ ও গণিত বিষয়ে মোট গ্রেড পয়েন্ট (জিপি) | ১৩.০০ | ১০.৫০ |
| ৯ | পরীক্ষা পদ্ধতি | ইংরেজী মাধ্যমে MCQ পদ্ধতি | বাংলা ও ইংরেজী মাধ্যমে MCQ পদ্ধতি |
| ১০ | গুরুত্বপূর্ণ তথ্য | ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর HSC/A level পরীক্ষার মূল প্রবেশপত্র (ফটোকপি হবে না) ছাড়া পরীক্ষা দিতে দেয়া হবে না এবং অন্য কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। | ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর HSC/A level পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ডসহ রেজিস্ট্রেশন কার্ডের দুইকপি সত্যায়িত ফটোকপি সংগে আনতে হবে। রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপির প্রতিটিতে প্রার্থীর এককপি করে সদ্য তোলা রঙ্গীণ ছবি সত্যয়িত করে স্ট্যাপল করতে হবে। এটিই প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে , তাই এগুলি ছাড়া কাউকে পরীক্ষা দিতে দেয়া হবে না । |

স্বাক্ষরিত
পরিচালক, বস্ত্র দপ্তর
ও আহবায়ক
কেন্দ্রীয় ভর্তি কমিটি